

জনাব জসীম উদ্দিন আহমেদ

জনাব জসীম উদ্দিন আহমেদ, ভোলা জেলার অন্তর্গত উপজেলা ভোলায় “বালিয়া” নামক গ্রামে ১৯৫৮ সালের ১৫ ডিসেম্বর জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে এম.এস.এস ডিগ্রী লাভ করেন। তিনি বিসিএস’৮৪ নিয়মিত ব্যাচের প্রশাসন ক্যাডারের একজন কর্মকর্তা। তিনি চাকুরী জীবনে “প্রশাসন ও ব্যবস্থাপনার” বিষয়ে আন্তর্জাতিক বিভিন্ন বিশ্ববিদ্যালয় যেমন যুক্তরাজ্যের ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়, ব্যাডফোর্ট বিশ্ববিদ্যালয়, লন্ডন মেরিডিয়ান কলেজ, সিভিল সার্ভিস কলেজ (গ্রীনউইচ বিশ্ববিদ্যালয়) হতে উচ্চতর শিক্ষা এবং সিঙ্গাপুর বিশ্ববিদ্যালয় হতে ই-গভর্নমেন্ট লীডারশীপ বিষয়ে পেশাগত জ্ঞান অর্জন করেন।

তিনি দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে মাঠ প্রশাসনে ইউ,এন,ও, অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে কাজ করেছেন। তাছাড়া তিনি বি.পি.এ.টি.সিতে, স্বরাষ্ট্র, বিদ্যুৎ ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ে বিভিন্ন প্রশাসনিক পদে দায়িত্ব পালন করেছেন। তিনি দক্ষতা ও সুনামের সাথে রংপুর বিভাগের প্রথম বিভাগীয় কমিশনার হিসেবে জাতীয় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। তিনি যুগ্ম-সচিব (পরিচালক) হিসেবে চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনেও দায়িত্ব পালন করেছেন। অতঃপর তিনি চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মতো গুরুত্বপূর্ণ জাতীয় প্রতিষ্ঠানসমূহের সংস্থা প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ৮ ফেব্রুয়ারি, ২০১২ সনে বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি লাভ করেন। ১৮ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে চেয়ারম্যান, বাংলাদেশ তীত বোর্ড পদে যোগদান করেছেন। তিনি বিবাহিত ও একমাত্র পুত্র সন্তানের [বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং, (EEE)] জনক।